পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
www.rda.gov.bd

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "সৌর শক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ" শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৮ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া। |
| সভার স্থান | : | আইডব্লিউএম ভবনের সম্মেলন কক্ষ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া ও জুম প্লাটফর্ম |
| তারিখ | : | ০৭ জুন, ২০২২ খ্রি. মঙ্গলবার |
| সময় | : | বেলা ১২:০০ ঘটিকা |

**২.০ উপস্থাপনা ও আলোচনাঃ**

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক জনাব মোঃ ফেরদৌস হোসেন খানকে আহবান জানালে প্রকল্প পরিচালক গত ২৫/০১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭ম পিআইসি সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন। প্রকল্পের সার্বিক অগ্রগতি নিয়ে সদস্যগণ সন্তোষজনক মর্মে অভিমত ব্যক্ত করা হয়। তবে মেয়াদ বৃদ্ধি না হওয়া ও অর্থ বরাদ্দ না পাওয়ায় প্রকল্পটির কর্মকান্ড ডিপিপি লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্রমপঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ৭৪.৭৭% এবং ৮৫.৩৫ অর্জনের মাধ্যমে প্রকল্পটি সম্পন্ন করা হচ্ছে। সভায় আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | যেহেতু প্রকল্পটি অসমাপ্ত ভাবে শেষ হচ্ছে সেহেতু চলতি অর্থবছরের বরাদ্দ ও পরিকল্পনা অনুযায়ী শতভাগ কাজ সম্পন্নকরণের ব্যবস্থা নিতে হবে। | চলতি বছরের পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত প্রকল্প কর্মকান্ড শতভাগ সম্পন্ন করতে হবে। |
| ২. | আলোচ্য প্রকল্পটি প্রায়োগিক গবেষণাধর্মী প্রকল্প বিধায় সৌরশক্তি নির্ভর প্রকল্প অন্যান্য প্রতিষ্ঠান (বিএডিসি, বিএমডিএ এবং ডিএই) কর্তৃক পরিচালিত প্রকল্পগুলির সঙ্গে বিভিন্ন দিক বিচেনায় প্রকল্পের সফলতা বিষয়ক স্ট্যাডি পরিচালনা করা যেতে পারে। | Solar based Irrigation প্রকল্পটি প্রায়োগিক গবেষণা বিবেচনায় কৃষি মন্ত্রণালয়ের অন্যান্য প্রতিষ্ঠানের প্রকল্পের সাথে তুলনামূলক গবেষণা পরিচালনা করতে হবে। |
| ৩. | প্রকল্প সমাপ্তির পর exit plan এর সাথে সমন্বয় করে কর্মকান্ড চলমান রাখার ব্যবস্থা নিতে হবে। | প্রকল্পের কার্যক্রম সমাপ্তির exit plan এর সাথে সমন্বয় করে প্রকল্পের সৃজিত সুযোগ-সুবিধা চলমান রাখাসহ ঋণ কার্যক্রম আরডিএ, বগুড়ার প্রশাসনিক ব্যবস্থাপনায় "আরডিএ ক্রেডিট কর্মসূচী" এর মাধ্যমে পরিচালনা করতে হবে। |
| ৪. | প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) যথাসময়ে প্রণয়নপূর্বক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রেরণ ও পরবর্তীতে আইএমইডিতে প্রেরণের বিষয়ে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রণয়ন করে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খলিল আহমদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্ল উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
www.rda.gov.bd

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "সৌর শক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ" শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৭ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
সভার স্থান : আইডব্লিউএম ভবনের সম্মেলন কক্ষ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া ও জুম প্লাটফর্ম
তারিখ : ২৫ জানুয়ারি, ২০২২ খ্রি. মঙ্গলবার
সময় : বেলা ১২:০০ ঘটিকা

**২.০ উপস্থাপনা ও আলোচনাঃ**

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক জনাব মোঃ ফেরদৌস হোসেন খানকে আহবান জানালে প্রকল্প পরিচালক গত ১২/১০/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ পিআইসি সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন, এছাড়াও সভায় আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | ডিপিপি অনুযায়ী মূলধন বিনিয়োগের ১০% ডাউন পেমেন্ট (প্রাথমিকভাবে ৫% এবং পরবর্তী ৫ বছরে অবশিষ্ট ৫%) হিসেবে জমা সাপেক্ষ্যে কৃষক প্রতিনিধি, সমিতি/এনজিও কর্তৃক প্রকল্প গ্রহণ এবং পরবর্তী ১৫ বছরে অবশিষ্ট ৯০% অর্থ প্রদানপূর্বক মালিকানা হস্তান্তর বিষয়ে বলা থাকলেও বাস্তবতার নিরিখে সেচ বিষয়টি সাবসিডাইজ বিবেচনায় অবশিষ্ট ৯০% অর্থ গ্রান্ট প্রদানের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়টি আলোচনা করা হয়। | মূলধন বিনিয়োগের অবশিষ্ট ৯০% অর্থ মওকুফ করার বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২. | প্রকল্প সমাপ্তির পর সকল উপ-প্রকল্পে ঋণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার বিষয় আলোচনা করা হয়। | প্রকল্পের কার্যক্রম সমাপ্তি হলেও ঋণ কার্যক্রম পরিচালনা ও উপ-প্রকল্পের কার্যক্রম **"আরডিএ ক্রেডিট কর্মসূচী"** এর মাধ্যমে পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ৩. | জুন ২০২২ মেয়াদের মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্তির বিষয় আলোচনা করা হয়। | উপ-প্রকল্প গ্রহণের ক্ষেত্রে ১০% অর্থ প্রদানে কৃষকদল, সমিতি/এনজিও কর্তৃক আশানুরূপ সাড়া না পাওয়ায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি না করে জুন ২০২২ এ প্রকল্প সমাপ্ত করা যায়। এই সময়কালে প্রকল্পের জন্য নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করতে হবে। |
| ৪. | প্রকল্প সমাপ্তির তিনমাস সময়কালের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রেরণ করতে হবে। এতদ বিষয়ে এখন হতেই প্রস্তুতি গ্রহণ করতে হবে। | প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রণয়নের প্রস্তুতি গ্রহণ করতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(খলিল আহমদ)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
www.rda.gov.bd

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "সৌর শক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ" শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
সভার স্থান : আইডব্লিউএম ভবনের সম্মেলন কক্ষ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া ও জুম প্লাটফর্ম
তারিখ : ১২ অক্টোবর, ২০২১ খ্রি. মঙ্গলবার
সময় : সকাল ১১:৩০ মিনিট
অংশগ্রহণকারী: সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক'ত দ্রষ্টব্য।

**২.০ উপস্থাপনা ও আলোচনাঃ**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে মুজিববর্ষের শুভেচ্ছা জানান। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক জনাব মোঃ ফেরদৌস হোসেন খানকে আহবান জানান। সভায় গত ২৭/০৬/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৫ম পিআইসি সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন, এছাড়াও সভায় নিম্নোক্ত আলোচনা হয়।

| ক্র: নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের সম্প্রসারণ বিষয়ক | প্রকল্পের সম্প্রসারণের বিষয়ে ৫ম পিআইসি সভায় জনাব শিবির বিচিত্র বড়ুয়া, উপপ্রধান, সেচ উইং বলেন প্রকল্পের সার্বিক কর্মকান্ড সন্তোষজনক ও লাগসই বিবেচনায় প্রকল্পের পরিধি লাগসই বিবেচনায় দেশব্যপী সম্প্রসারণ করা দরকার।<br>এদত বিষয়ে সভাপতি মহোদয় আইরীন ফারজানা, উপ সচিব, আরডিসিডিকে বলেন আরডিএ, বগুড়া, জামালপুর, রংপুর এবং বগুড়া জেলার তিনটি গ্রামে দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম বিষয়ক প্রায়োগিক গবেষণা পরিচালনা করছে। প্রকল্পের সাফল্যে বিবেচনায় প্রকল্প সংশোধনকালীন গবেষণাধীন তিনটি গ্রামে প্রকল্প সম্প্রসারণের সুযোগ রাখা গেলে মডেল গ্রাম গবেষণার লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা রাখবে। | বিষয়টি PSC তে উপস্থাপন পূর্বক প্রকল্প প্রস্তাবনা সংশোধনের উদ্যোগ গ্রহণ করে প্রকল্পের কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ নেয়া যেতে পারে। এবং সম্ভব হলে প্রকল্প এলাকা পরিবর্তন করে আরডিএর মডেল গ্রামে সম্প্রসারণের সুযোগ রাখা যায়। |
| ২. | প্রকল্প মূলধন পরিশোধ বিষয়ক | মূলধন বিনিয়োগের ১০% ডাউন পেমেন্ট (প্রাথমিকভাবে ৫% এবং পরবর্তী ৫ বছরে অবশিষ্ট ৫%) হিসেবে জমা সাপেক্ষ্যে কৃষক প্রতিনিধি, সমিতি/এনজিও কর্তৃক প্রকল্প গ্রহণ এবং পরবর্তী ১৫ বছরে অবশিষ্ট ৯০% অর্থ প্রদানপূর্বক মালিকানা হস্তান্তর বিষয়ে প্রজেক্ট এ্যাপ্রেইজাল সভায় কৃষি মন্ত্রণালয় প্রতিনিধি সেচ বিষয়টি সাবসিডাইজ বিবেচনায় অবশিষ্ট ৯০% অর্থ গ্রান্ড প্রদানের বিষয়ে মতামতের ভিত্তিতে প্রকল্প গৃহীত হয়। | সেচ বিষয়টি সাবসিডাইজ বিবেচনায় মূলধন বিনিয়োগের ১০% ডাউন পেমেন্ট হিসেবে জমা সাপেক্ষ্যে প্রকল্প গ্রহণ এবং অবশিষ্ট অর্থ গ্রান্ড বিবেচনা করা যায়। বিষয়টি PSC তে অনুমোদন করা যায়। |

| ক্র: নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩. | প্রায়গিক গবেষণা | প্রকল্পটি যেহেতু একটি প্রায়গিক গবেষণা প্রকল্প বিধায় প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ পূর্বক দেশী বিদেশী জার্নালে প্রকাশের উদ্যোগ নেয়া প্রয়োজন।<br><br>প্রকল্প পরিচালক বলেন দ্বি-স্তর কৃষি বিষয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় জার্নালে একটি গবেষণা পত্র প্রকাশিত হয়েছে।<br><br>এছাড়াও সভায় প্রকল্পের সামাজিক, অর্থনৈতিক এবং কারিগরী প্রভাব পৃথকভাবে অথবা বিএডিসি, বিএমডিএসহ অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত সৌর শক্তি নির্ভর সেচ প্রকল্পের সাথে এই প্রায়োগিক গবেষণা প্রকল্পের তুলনামূলক সুবিধা/অসুবিধা বিষয়ে রিপোর্ট/নিবন্ধ প্রকাশনার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | প্রাপ্ত তথ্য উপাত্ত থেকে আগামীতে এ বিষয়ে গবেষণা পত্র প্রকাশের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। |
| ২. | ঋণ কার্যক্রম ত্বরান্বিত করণ | মোট ১৯টি উপপ্রকল্পের জন্য সীড ক্যাপিটালের অর্থ ছাড় করা হয়েছে। যেখানে ১৭টি উপপ্রকল্প ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। বাস্তবায়িত সকল (২০টি) উপপ্রকল্পে ঋণ কার্যক্রম দ্রুত চালু করা প্রয়োজন। অবশিষ্ট ০২টি উপপ্রকল্পে দল গঠন করা হয়েছে। দ্রুত ঋণ প্রস্তাব সংগ্রহ করে সীড ক্যাপিটালের অর্থ বিতরণ করা প্রয়োজন। | যেসকল উপপ্রকল্পে সীড ক্যাপিটাল বিতরণ করা হয়নি তা দ্রুত বিতরণ করতে হবে। |
| ৪. | প্রকল্প অভিজ্ঞতা/ ফলাফল বিনিময় | সৌরশক্তি নির্ভর সেচ বিষয়ে অভিজ্ঞতা/ফলাফল কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), বিএমডিএ এবং বিএডিসিসহ সরকারের অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যে প্রকল্পের অভিজ্ঞতা/ফলাফল সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। | অভিজ্ঞতা/ ফলাফল সম্প্রসারণের জন্য যথাশীঘ্র সেমিনার ও কর্মশালা আয়োজন করা যায়। |
| ৫ | বিবিধ বিষয় | দেশের সার্বিক কৃষি উন্নয়নে বর্তমান কৃষি বান্ধব সরকার সেচ কার্যক্রমকে অগ্রাধিকারসহ ভূর্তকী প্রদান করে আসছে। বিষয়টি বিবেচনায় সেচের পাশাপাশি অধিকন্তু এখানে সৌর শক্তির ব্যবহার ও সেচ পানির বহুমূখী ব্যবহার করা হচ্ছে তা আশাব্যঞ্জক। উল্লেখ্য কোভিড-১৯ এর কারণে নিম্ন অগ্রাধিকার প্রকল্প হিসেবে বরাদ্দ কম থাকায় গত অর্থ বছরের (২০২০-২১) লক্ষমাত্রা সংকোচিত হয়েছে। ডিপিপিতে অবশিষ্ট ১৫টি উপ-প্রকল্প সম্প্রসারনের সুযোগ থাকলেও চলতি অর্থ বছরে (২০২১-২২) ১১টি বাস্তবায়নের বরাদ্দ রয়েছে। এসকল দিক বিবেচনায় ০১ (এক) বছরের জন্য No-cost extension করার সুপারিশ করা যেতে পারে। | ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্প্রসারণের উদ্যোগ নিতে হবে। বিষয়টি বিবেচনায় নিয়ে প্রয়োজনে ০১ (এক) বছর No-cost extension এর উদ্যোগ নেয়া যায়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১০/২২

**(খলিল আহমদ)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্ল উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
www.rda.gov.bd

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "সৌর শক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ" শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৫ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
সভার স্থান : আরডিএ, বগুড়া'র আইডব্লিউএম ভবনের সম্মেলন কক্ষ ও জুম প্লাটফর্ম
তারিখ : ২৭ জুন, ২০২১, রবিবার
সময় : সকাল ১১:৩০ মিনিট
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক'তে সদয় দ্রষ্টব্য।

**২.০ উপস্থাপনা ও আলোচনাঃ**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে সালাম ও স্বাগত জানান। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক জনাব মোঃ ফেরদৌস হোসেন খানকে আহবান জানান। সভায় গত ১২/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন এছাড়াও সভায় নিম্নোক্ত আলোচনা হয়।

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের সম্প্রসারণ বিষয়ক | প্রকল্পের সম্প্রসারণের বিষয়ে শিবির বিচিত্র বড়ুয়া, উপপ্রধান, সেচ উইং বলেন প্রকল্পের সার্বিক কর্মকান্ড অত্যন্ত ভালো, এমন প্রকল্পের পরিধি লাগসই বিবেচনায় দেশব্যপী সম্প্রসারণ করা দরকার। | প্রকল্প প্রস্তাবনা সংশোধনের উদ্যোগ গ্রহণ করে প্রকল্পের কার্যক্রম সম্প্রসারনের উদ্যোগ নেয়া যেতে পারে। |
| ২. | সমিতির গতিশীলতা ও বৈঠক নিয়মিত করণ | প্রকল্পের কার্যক্রম টেকসই ও গতিশীল করার জন্য উপপ্রকল্প বাস্তবায়নকারী সমিতি/এনজিও বৈঠক নিয়মিতভাবে অনুষ্ঠিত করতে হবে। | সমিতির গতিশীলতা ও বৈঠক নিয়মিত করার লক্ষ্যে সমিতির সভাপতির সাথে যোগাযোগের মাত্রা বাড়াতে হবে। |
| ৩. | ঋণ কার্যক্রম ত্বরান্বিত করণ | যেসব উপ-প্রকল্প এলাকায় এখনো ঋণকার্যক্রমের সীড ক্যাপিটাল বিতরণ করা হয়নি তা দ্রুত বিতরণ করতে হবে। | বাস্তবায়নাধীন ২০টি উপ-প্রকল্পের মধ্যে ১০টি উপ-প্রকল্পে ঋণ কার্যক্রম চলমান রয়েছে এবং অবশিষ্ট উপ-প্রকল্প এলাকায় ঋণ কার্যক্রম পরিচালনার জন্য দল গঠন, সঞ্চয় ও সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম কোভিড-১৯ এর প্রভাবে সীমিত পরিসরে পরিচালনার জন্য কিছুটা ব্যহত হয়েছে যথাশীঘ্র সম্ভব স্বল্প পরিসরে হলেও ঋণ বিতরণ কার্যক্রম শুরু করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৪. | উদ্বৃত্ত বিদ্যুতের সংরক্ষণ/বিকল্প ব্যবহার নিশ্চিত করণ | সেচ মৌসুম বর্হিভূত (off season) সময়ে উৎপাদিত সৌরবিদ্যুৎ (Grid integration) করে নেট মিটারিং পদ্ধতিতে জাতীয় গ্রীডে সঞ্চালন বা ষ্টোরেজ ব্যাটারীতে সংরক্ষণ বিষয়ক পদক্ষেপ গ্রহণ। | প্রকল্প পরিচালক সভাকে এই মর্মে অবহিত করেন যে বৃহৎ পরিসরে ষ্টোরেজ ব্যাটারীতে সৌরবিদ্যুৎ সংরক্ষণ টেকসই ও লাভ জনক নয় এবং অনুমোদিত ডিপিপিতে এ বিষয়ে কোন নির্দেশনা নেই। তার পরিবর্তে বিধি বিধান অনুসরণ করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষ্যে নেট মিটারিং এর মাধ্যমে জাতীয় গ্যীডে সঞ্চালন করলে তা লাভজনক হবে। যেখানে থ্রি-ফেজ (3-Phase) লাইন আছে সেখানে এই ইন্ট্রিগেশনের কাজটি করা হচ্ছে। ইতোমধ্যে বোয়ালখালী, চট্টগ্রাম এবং ছোটঘিওর, মানিকগঞ্জ এ স্থাপনা সম্ভব হয়েছে। |
| ০৫ | প্রকল্প সংশোধন বিষয়ক | দেশের সার্বিক কৃষি উন্নয়নে বর্তমান কৃষি বান্ধব সরকার সেচ কার্যক্রমকে অগ্রাধিকারসহ ভূর্তকী প্রদান করে আসছে। বিষয়টি বিবেচনায় সেচের পাশাপাশি অধিকন্তু এখানে সৌর শক্তির ব্যবহার ও সেচ পানির বহুমূখী ব্যবহার করা হচ্ছে তা আশাব্যঞ্জক। উল্লেখ্য কোভিড-১৯ এর কারণে বরাদ্দ কম থাকায় চলতি অর্থ বছরের (২০২০-২১) লক্ষমাত্রা সংকোচিত করা হয়েছে। আগামী অর্থ বছরে (২০২১-২২) অবশিষ্ট ১৫টি উপ-প্রকল্প সম্প্রসারনের উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে ০১ (এক) বছরের জন্য No-cost extension করার সুপারিশ করা যেতে পারে। | ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্প্রসারণের উদ্যোগ নিতে হবে। কোভিড-১৯ এর কারণে প্রকল্প কার্যক্রম ব্যহত হয়েছে। বিষয়টি বিবেচনায় নিয়ে প্রয়োজনে ০১ (এক) বছর No-cost extension এর উদ্যোগ নেয়া যেতে পারে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/৫/২২

**(খলিল আহমদ)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
www.rda.gov.bd

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "সৌর শক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ" শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৪র্থ সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
সভার স্থান ঃ আরডিএ, বগুড়া'র আইডব্লিউএম ভবনের সম্মেলন কক্ষ ও জুম প্লাটফর্ম
তারিখ ঃ ১২ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ, বুধবার
সময় ঃ সকাল ১০:৩০ মিনিট

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পরিশিষ্ট-ক'**তে সদয় দ্রষ্টব্য।

**২.০ উপস্থাপনা ও আলোচনা**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে সালাম ও স্বাগত জানান। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে আহবান জানান। সভায় গত ১০/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর প্রকল্প সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের অর্ন্তভূক্ত ০২টি মধ্যবর্তী মূল্যায়ন বিষয়ক | প্রকল্পের ০২টি মধ্যবর্তী মূল্যায়নের বিষয়ে উদ্যোগ গ্রহন করা প্রয়োজন। | চলতি অর্থ বছরে একটি মধ্যবর্তী মূল্যায়নের উদ্যোগ গ্রহন করতে হবে। |
| ২. | প্রকল্প বাস্তবায়নে বিদ্যমান সমস্যা ও সমাধান | প্রকল্প বাস্তবায়নে যে সমস্যাগুলি আছে তা মধ্যবর্তী মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে সুপারিশক্রমে সমাধান করা যাবে। | মধ্যবর্তী মূল্যায়নের সুপারিশ ষ্টিয়ারিং কমিটিতে উপস্থাপন ও অনুমোদন সাপেক্ষে সমাধান করা যেতে পারে। |
| ৩. | চলতি অর্থ বছরে ছাড়কৃত অর্থ যথাযথভাবে শতভাগ ব্যয় করা | চলতি অর্থ বছরে ছাড়কৃত অর্থ আর্থিক বিধিবিধান মেনে শতভাগ ব্যয় করতে হবে এবং অব্যয়িত অর্থ ফেরত প্রদান করতে হবে। প্রতিটি কর্মকান্ডের ছবি ও প্রমানক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | আর্থিক বিধিবিধান মেনে শতভাগ অর্থ ব্যয় করার উপদেশ নিতে হবে এবং ছবিসহ প্রমাণক সংরক্ষণ করতে হবে। |
| ৪. | ঋণ কার্যক্রমের সীড ক্যাপিটাল বিতরণ | যেসব উপ-প্রকল্প এলাকায় এখনো ঋণকার্যক্রমের সীড ক্যাপিটাল বিতরণ করা হয়নি তা দ্রুত বিতরণ করতে হবে। | সীড ক্যাপিটাল বিতরণের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| ৫. | উপ-প্রকল্প এলাকা নির্বাচন | প্রকল্পের সাইট নির্ধারনের ক্ষেত্রে ডাউন পেমেন্ট প্রাপ্তি ও সংশ্লিষ্ট এলাকায় পানি সংকটের বিষয়টিকে গুরুত্ব দিয়ে সমন্বয় করে প্রকল্প এলাকা নির্বাচন করতে হবে। | ভবিষ্যতে প্রকল্প এলাকা নির্ধারনে ডাউন পেমেন্ট প্রাপ্তি ও সংশ্লিষ্ট এলাকায় পানি সংকটের কথা বিবেচনায় রেখে প্রকল্প এলাকা নির্বাচন করা হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১/২০২১

**(খলিল আহমদ)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)।

সম্প্রসারণ কাজ চলমান। প্রকল্পের অনুকূলে সেপ্টেম্বর/১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট টাকা ৫২৪.২৫ লক্ষ অর্থ অবমুক্ত করা হয়েছে এবং সেপ্টেম্বর/১৮ পর্যন্ত ব্যয় হয়েছে টাকা ১৮১.১৭ লক্ষ। বাস্তব অগ্রগতি ০.৪৯% ও আর্থিক ৪.৫৪%।

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৩.১ প্রকল্প লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ কর্মকান্ড বাস্তবায়ন করতে হবে।

৩.২ জনবল নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে প্রকল্প পরিচালক কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন।

৩.৩ নিয়মিত পিআইসির সভা আবহান করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাঃ ১৬।১০।১৮

(ড. এম এ মতিন)
ভারপ্রাপ্ত মহাপরিচালক
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি)